



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৯৩)/২০২০-২১/ ৭৫৮

তারিখ: ১৩-০৯-২০২০খ্রি.

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক জনাব মোঃ কামরুজ্জামান, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর-এর বিরুদ্ধে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং-১২/২০২০-২১

অভিযোগনামা

যেহেতু আপনি জনাব মোঃ কামরুজ্জামান, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর, ইতোপূর্বে মোংলা শাখা, বাগেরহাটে ব্যবস্থাপকের দায়িত্ব পালনকালে নিম্নবর্ণিত গুরুতর অনিয়ম সংঘটিত করেছেনঃ


- (ক) আপনি মিঠাখালী ইউনিয়নের গোয়ালীর মেঠ আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতির ৬০ জন সদস্যের প্রত্যেকের পাশবই হতে ৪,০০০/- (চার হাজার) টাকা হিসেবে প্রায় ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা আত্মসাৎ করেছেন।
- (খ) আপনার দায়িত্বপালনে অবহেলার কারণে চাঁদপাই ইনিয়নের দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারী মোঃ শাহিদুল ইসলামের বিভিন্ন সমিতিতে ১,০৯,০০০/- টাকা পোস্টিং দেওয়া হয়নি।

০২। যেহেতু আপনি জনাব মোঃ কামরুজ্জামান আপনার উল্লেখিত কার্যকলাপে ইহা সুস্পষ্ট যে, আপনি পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক স্বীয় দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি, ও আত্মসাতের অনিয়ম সংঘটিত করেছেন।

০৩। এক্ষণে, যেহেতু আপনি জনাব মোঃ কামরুজ্জামান পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮(ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি, ও আত্মসাতের দায়ে অভিযুক্ত করা হল এবং এতদ্বারা নির্দেশ দেয়া হল যে, আপনাকে কেন উল্লেখিত প্রবিধানমালার বিধান মোতাবেক চাকরি হতে বরখাস্ত অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা যাবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির তারিখ হতে ১০(দশ)টি কার্যদিবসের মধ্যে সরাসরি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট ০৩(তিন) প্রস্থে দাখিল করবেন এবং ইহাও নির্দেশ দেয়া হল যে, আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তাও আপনার জবাবে উল্লেখ করবেন। যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব দানে ব্যর্থ হন তা হলে সেক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৪২ প্রবিধি মোতাবেক আপনার বিরুদ্ধে আনীত বিভাগীয় মোকদ্দমাটি একতরফাভাবে নিষ্পত্তি করা হবে।

০৪। যে অভিযোগের উপর ভিত্তি করে অত্র অভিযোগনামা প্রনয়ণ করা হয়েছে তার একটি বিবরণী আপনার জবাব তৈরীর সুবিধার জন্য এতদসংগে সংযুক্ত করা হল।

আদেশক্রমে,



(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৯৩)/২০২০-২১/ ৭৫৮(৬)

তারিখ: ১৩-০৯-২০২০খ্রি.

জ্ঞাতার্থে ও সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

- ০১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর উপজেলা, জেলাঃ যশোর।
- ০৪। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ যশোর। মূল অভিযোগনামাটি ডাউনলোড করে জনাব মোঃ কামরুজ্জামান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর পূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
- ০৬। জনাব মোঃ কামরুজ্জামান, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর।
- ০৭। ব্যক্তিগত নথি/নথি (খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী অভিযোগনামাটি অভিযুক্তের ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করবেন)।



(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

অভিযোগ বিবরণী

যে সকল অভিযোগের উপর ভিত্তি করে জনাব মোঃ কামরুজ্জামান, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর-এর বিরুদ্ধে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং- ১২/২০২০-২১

জনাব মোঃ কামরুজ্জামান, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর, ইতোপূর্বে মোংলা শাখা, বাগেরহাটে শাখা ব্যবস্থাপকের দায়িত্ব পালনকালে নিম্নবর্ণিত গুরুতর অনিয়ম সংঘটিত করেছেনঃ

- (ক) তিনি মিঠাখালী ইউনিয়নের গোয়ালীর মেঠ আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতির ৬০ জন সদস্যের প্রত্যেকের পাশবই হতে ৪,০০০/- (চার হাজার) টাকা হিসেবে প্রায় ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা আত্মসাৎ করেছেন।
- (খ) তাঁর দায়িত্বপালনে অবহেলার কারণে চাঁদপাই ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারী মোঃ শাহিদুল ইসলামের বিভিন্ন সমিতিতে ১,০৯,০০০/- টাকা পোস্টিং দেওয়া হয়নি।

 ২১/০২/২০২০

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক